দৈনিক বাংলা

তারিখ 03 SEP 1987
পৃষ্ঠা 5 কলাম 1

008

# ভুয়া শিক্ষা

রামনা উপজেলার শিক্ষা অফিসার তার কুকীর্তির জন্যে একটা শিক্ষা পেলেন। তিনি কয়েকজন ভুয়া শিক্ষক নিয়োগ করেছিলেন। অর্থাৎ কয়েকজন শিক্ষকের কাছ থেকে ৯০ হাজার টাকা উৎকোচ নিয়ে তাদের ভুয়া নিয়োগপত্র দিয়েছেন। কিন্তু নব্বই হাজার টাকা যারা খরচ করেছেন তারা এত সহজে ছাড়বেন কেন। ভুয়াতে ভুলবেন কেন? বেতন তুলতে গিয়ে ভুয়া শিক্ষকরা যেই ব্যাপারটা জানতে পারলেন, তারা দিলেন মামলা ঠুকে। শিক্ষা অফিসার এখন হাজতবাসী। তার জামিনও নামঞ্জুর।

মাত্র নব্বই হাজার টাকার জন্যে এমন একটা শিক্ষা পেতে হবে তা ওই শিক্ষা অফিসার নিশ্চয় ভাবতেই পারেননি। কোথায় একটু বাড়তি ধন-সম্পদের আশা-আকাংক্ষায় উদ্বেলিত হবেন না এখন কিনা জেল হাজতে। হিসাবে কোথাও ভুল হয়ে গেছে সন্দেহ কি? ভুয়া হিসাব। হিসাব ভুয়া, শিক্ষক ভুয়া, নিয়োগপত্র ভুয়া—সব তো ভুয়ারই কারবার। দার্শনিকের মত বলা যেত জীবনটাই ভুয়া অথবা মায়া। কিন্তু সে আর বলা যায় কই? সত্যি বলতে কি ওই জীবনটার জন্যেই তো যত ঝামেলা আর ঝক্কি। জীবনে একটু আরাম আয়েশ হবে, ব্যাংক ব্যালান্স হবে, নিরাপত্তা আসবে, প্রতিবেশীর চোখে ঈর্ষা জাগানো যাবে—এসব আকাঙ্ক্ষার কোনটাই তো ভুয়া নয়। অত্যন্ত বাস্তব এবং সত্য। এসব অর্জন করা না গেলে যে জীবনই মিথ্যা হয়ে যায়। জীবনই ভুয়া। তবে এইবার জেলে বসে ওই শিক্ষা অফিসার সম্ভবত সমস্ত বিষয়টা ভিন্ন দিক থেকে ভেবে দেখবেন। তার সেই আকাংক্ষিত জীবনে পৌঁছবার লক্ষ্যে তিনি কিছু ভুয়া ব্যবস্থার শরণাপন্ন হয়েছিলেন। ভুয়া শিক্ষক, ভুয়া নিয়োগপত্র। কিন্তু শেষ পর্যন্ত দেখা গেল তার হিসাব, আশা-আকাঙ্ক্ষা সবই ভুয়া হয়ে গেল। এতে যদি চৈতনা হয়।